গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

নং- ৪৬.০০.০০০০.০৬৩.৩২.০০৩.১৬-২৭০

তারিখঃ ১৫ ফাল্গুন ১৪৩০
২৮ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়: **মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-১৫৬৮০/২০২৩ এর হতে উদ্ভুত সিভিল পিটিশন ফর লীভ টু আপিল নং-৩৮৪১/২০২৩ এর আদেশের বিষয়ে মতামত প্রদান সংক্রান্ত।**

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ এর স্মারক নং-০৫.৪৫.৬১০০.০১৫.৫৬.০০৪.১১(অংশ-১)-৯৯৫; তারিখ: ৩১/১২/২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ত্রিশাল পৌরসভার মেয়র এর দায়িত্ব পালন এবং মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-১৫৬৮০/২০২৩ এর আদেশের প্রেক্ষিতে পরবর্তী কার্যক্রম গ্রহণের বিষয়ে আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় হতে নিম্নরূপ মতামত প্রদান করা হয়:

" মাননীয় আপিল বিভাগ কর্তৃক ত্রিশাল পৌরসভার প্যানেল মেয়রের প্রশ্নে উভয়পক্ষকে স্থিতাবস্থা (status-quo) বজায় রাখার জন্য নির্দেশ দেয়া হয়েছে। অর্থাৎ, সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং-৩৮৪১/২০২৩ এর আদেশ প্রদানের পূর্বে, যার দ্বারা যেভাবে ত্রিশাল পৌরসভার দায়িত্ব পরিচালিত হচ্ছিল, সেরূপ অবস্থা আদেশ প্রদানের পরবর্তী ০৮ (আট) সপ্তাহ বজায় রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। বর্ণিতাবস্থায়, মাননীয় আপিল বিভাগের উক্তরূপ আদেশ প্রদানের মূহুর্তে দায়িত্বরত প্যানেল মেয়র-ই মাননীয় আদালতের পরবর্তী নির্দেশনার পূর্ব পর্যন্ত দায়িত্ব পালন করবেন।"

২। এমতাবস্থায়, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়-এর মতামতের ভিত্তিতে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৮/০২/২০২৪
মোঃ আব্দুর রহমান
উপসচিব
☎+৮৮০২৯৫১৪১৪২
ই-মেইল:lgpaura1@lgd.gov.bd

জেলা প্রশাসক
ময়মনসিংহ

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. যুগ্মসচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মেয়র (ভারপ্রাপ্ত), ত্রিশাল পৌরসভা, ময়মনসিংহ
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৬. অফিস কপি।